# পিসির ঝুটঝামেলা

**ট্রাবলশুটার টিম**



**সমস্যা :** আমার পিসির মনিটর স্যামসাং ব্র্যান্ডের ২২ ইঞ্চি এলইডি। কয়েক দিন হলো মনিটরের মাঝখানে লাল-নীল রংয়ের ৩-৪টি চিকন রেখা খাড়াভাবে দেখা যাচ্ছে। রেখাগুলো কিছুতেই যাচ্ছে না। এ সমস্যা থেকে কীভাবে মুক্তি পাব?

**–পিয়াস**




**সমাধান :** মনিটরে এ ধরনের সমস্যা বেশ কয়েকটি কারণে হতে পারে। মনিটরের কাছে চুম্বক জাতীয় কোনো কিছু থাকলে এমনটা হতে পারে। মনিটরের পাশে রাখা স্পিকারের কারণে এ সমস্যা দেখা দেয়। তাই মনিটরের আশপাশে চুম্বক জাতীয় কোনো ডিভাইস বা কিছু থাকলে তা সরিয়ে ফেলুন। মাদারবোর্ডের র‌্যাম স্লটে র‌্যাম সঠিকভাবে না লাগানো থাকলেও এ সমস্যা দেখা দিতে পারে। র‌্যাম স্লট থেকে র‌্যাম খুলে তার গোল্ডেন নচ নরম সুতি কাপড় দিয়ে আলতো করে পরিষ্কার করে নিন। সেই সাথে র‌্যাম স্লটে কোনো ময়লা জমে আছে কি না, তা দেখে নিন। যদি থাকে, তবে তা ব্রাশ দিয়ে বা ব্লোয়ার মেশিন দিয়ে ভালো করে পরিষ্কার করে নিন। গ্রাফিক্স কার্ডে সমস্যা থাকলেও এমনটা হতে পারে। তাই গ্রাফিক্স কার্ড স্লট থেকে খুলে তা ভালো করে লাগিয়ে স্ক্রু দিয়ে শক্তভাবে লাগিয়ে নিন। গ্রাফিক্স ড্রাইভারের সমস্যার কারণেও মনিটরে দাগ পড়তে পারে। তাই লেটেস্ট গ্রাফিক্স বা ভিডিও ড্রাইভার ডাউনলোড করে তা ইনস্টল করে নিন। নতুন ড্রাইভার ইনস্টল করার আগে পুরনো ড্রাইভার আনইনস্টল করে নিতে ভুলবেন না। যদি এগুলোর কোনো পদ্ধতি কাজ না করে, তবে বুঝতে হবে মনিটরের এলসিডি প্যানেলে বা অন্য কোনো পার্টসে সমস্যা হয়েছে। এ ক্ষেত্রে মনিটরের প্যানেল বদলানো লাগতে পারে। মনিটরের ব্র্যান্ড ও সাইজভেদে এই প্যানেলের দাম ভিন্ন ভিন্ন হতে পারে। প্যানেলের দাম ৩-৪ হাজার টাকার মতো পড়তে পারে। মনিটরটি ভালো কোনো সার্ভিসিং সেন্টারে নিয়ে গিয়ে পরীক্ষা করিয়ে দেখুন। যদি দাগের কারণে কমপিউটিংয়ে তেমন কোনো সমস্যা না হয়, তবে শুধু টাকা খরচ না করে যেভাবে আছে সেভাবে চালানোই মঙ্গলজনক।



**সমস্যা :** আমার নতুন কেনা প্রিন্টার মডেলটি হচ্ছে ক্যানন পিক্সমা আইপি ২৮৭২। প্রিন্টার কিনে আনার পর তা ভালোভাবেই প্রিন্ট করেছে। কিন্তু ২-৩ দিন হলো প্রিন্টারটি কাজ করছে না। প্রিন্ট কমান্ড দিলে কোনো কিছুই হয় না। আরেকটি ব্যাপার জানতে চাই, তা হচ্ছে এই প্রিন্টারের সাথে কি ইঙ্ক ড্রাম যুক্ত করা যাবে?

**–রতন**



**সমাধান :** প্রিন্টারের ডিফল্ট সেটিংসে কোনো পরিবর্তন বা কানেকশন লুজ থাকলে এ সমস্যা হতে পারে। যেহেতু নতুন প্রিন্টার তাই এত তাড়াতাড়ি কোনো পার্টস নষ্ট হওয়ার সম্ভাবনা নেই।

প্রিন্টারের কানেকশন ভালো করে চেক করে দেখুন। পাওয়ার ক্যাবল ও ইউএসবি ডাটা ক্যাবল খুলে তা আবার ভালো করে লাগিয়ে নিন। যদি এতে কাজ না হয় তবে প্রিন্টারের ড্রাইভার আনইনস্টল করে তা নতুন করে ইনস্টল করে নিন। ইঙ্ক কার্ট্রিজ যদি তার অবস্থা থেকে সরে যায়, তাহলেও এমনটা হতে পারে। তাই কার্ট্রিজ খুলে তা আবার ভালো করে বসিয়ে দিন। পেপার ফিডিং ট্রেতে কোনো ময়লা বা ধুলাবালি আটকে আছে কি না, তা দেখে নিন। নিয়মিত প্রিন্টার মেইনটেন্যান্স করুন। ব্যবহারের পর প্রিটার কাপড় দিয়ে ঢেকে রাখুন যাতে ধুলাবালি না পড়ে। যদি তাতেও সমস্যার সমাধান না হয়, তবে প্রিন্টার বিক্রেতার কাছে নিয়ে যান। কারণ প্রিন্টারের এখনও ওয়ারেন্টি আছে। এই প্রিন্টারে ইঙ্ক ড্রাম লাগানো যায় না, কারণ এর কার্ট্রিজগুলো বেশ ছোট। এই প্রিন্টারের আগের মডেল ক্যানন পিক্সমা আইপি ২৭৭২-এর কার্ট্রিজগুলো কিছুটা বড়, তাই তাতে ইঙ্ক ড্রাম লাগানো যায়। নতুন মডেলটির দামও কম, ডিজাইন সুন্দর, আকারে ছোট ও তুলনামূলকভাবে হালকা। কিন্তু সমস্যা হচ্ছে ইঙ্ক কার্ট্রিজ আকারে ছোট হওয়ায় বেশি প্রিন্ট করা যায় না। আর ইঙ্ক কার্ট্রিজের দামও প্রায় প্রিন্টারের সমান পড়ে কজ

*ফিডব্যাক : jhutjhamela24@gmail.com*

# উচ্চ মাধ্যমিক শ্রেণীর আইসিটি বিষয়ের সৃজনশীল প্রশ্নোত্তর নিয়ে আলোচনা

০৩. বরুণ নতুন ওয়েব ডিজাইনার। সে HTML ব্যবহার করে কাজ করছে। সম্প্রতি ওয়েবে অন্য ওয়েবের লিঙ্ক সংযোগে ব্যর্থ হওয়ায় সে একজন প্রোগ্রামারের শরণাপন্ন হলো। তিনি তাকে ওয়েবে ছবি সংযোগ কৌশল শিখিয়ে দিলেন।

ক. Combination স্ট্রাকচার কী? ১

খ. ওয়েবসাইট চালু করতে কী কাজ করতে হয়? ২

গ. বরুণ যে সমস্যায় পড়েছে তা কীভাবে সমাধান করা সম্ভব ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রোগ্রামার বরুণকে যে পদ্ধতি শিখিয়ে দিলেন, ওয়েব ডিজাইনে তার ভূমিকা আলোচনা কর। ৪

**৩নং প্রশ্নের উত্তর (ক)**

যখন একাধিক স্ট্রাকচার ব্যবহার করে ওয়েবসাইট ডিজাইন করা হয় তাই Combination স্ট্রাকচার।

**৩নং প্রশ্নের উত্তর (খ)**

ওয়েবসাইট চালু করতে নিম্নলিখিত কাজগুলো করতে হয়- ০১. ডোমেইন নেম রেজিস্ট্রেশন। ০২. ওয়েব পেজ ডিজাইন। ০৩. ওয়েব সার্ভারে পেজ হোস্টিং। ০৪. ইন্টারনেটের (সার্চ ইঞ্জিন) সাথে ওয়েবসাইটের সংযুক্তি।

**৩নং প্রশ্নের উত্তর (গ)**

বরুণ একজন নতুন ওয়েব ডিজাইনার। সে HTML ব্যবহার করে কাজ করতে পারে। কিন্তু সে এক ওয়েব থেকে অন্য ওয়েবে লিঙ্ক করতে সমস্যায় পড়েছে। সে নিম্নলিখিত তথ্যগুলোতে ভুল করায় লিঙ্ক সংযোগে সমস্যায় পড়েছে।

HTML লিঙ্কের সিনটেক্স হলো :

<a href = "url"> link text </a>

এখানে, 'url'-এর বদলে ঠিকানা লিখতে হয়।

এখানে ঠিকানা লিখতে ভুল করেছে। তাছাড়া লিঙ্কের সিনটেক্স লিখতেও ভুল করেছে। যেমন <a href = এরপর dhakaeducation-board.gov.bd লিখতে গিয়ে dhakaeducation-boardbd.gov লিখলে ঠিকানাটি ভুল হবে। এরপর < link text </a> লিখতে হয়।

**৩নং প্রশ্নের উত্তর (ঘ)**

প্রোগ্রামার বরুণকে ওয়েব পেজে ছবি কীভাবে সংযোগ বা লিঙ্ক করা হয় তা শিখিয়ে দিলেন। ওয়েব ডিজাইন করার পর তা লিঙ্ক করে দেয়া হয়। HTML-এ পেজের লিঙ্কে ক্লিক করে একই ডকুমেন্টের ভিন্ন পেজে যাওয়া যায়। টেক্সট অথবা ইমেজকে লিঙ্ক হিসেবে নির্দিষ্ট করা যায়। প্রোগ্রামার বরুণকে যে পদ্ধতি শিখিয়ে দিলেন, ওয়েব ডিজাইনে তার ভূমিকা গুরুত্বপূর্ণ ছিল। বরুণ এখন HTML-এর লিঙ্কের সিনটেক্স ও href অ্যাট্রিবিউট লিঙ্কের ঠিকানা ঠিকমতো নির্ধারণ করতে পারে। সে এখন বুঝতে পারছে যে, একটি লিঙ্ক তৈরি হলে ঠিকানাটির লেখা নীল রংয়ে প্রদর্শিত হবে।

ওয়েব ডিজাইনে ছবি যুক্ত করে ওয়েব ডিজাইনকে আরও আকর্ষণীয় করে তোলা যায়। ওয়েবসাইট ভিজিট করার সময় দর্শক ওই ওয়েবসাইটের প্রতি বেশি আকৃষ্ট হয় এবং ওয়েবসাইটটির গুরুত্ব অনেক বেড়ে যায় কজ

*ফিডব্যাক : prokashkumar08@yahoo.com*